




গুগল ক্লাসরুম
ব্যবহার করে অনলাইন
শ্রেণিকার্যক্রমে অংশগ্রহণ





তাহলেই কী ক্লাস করতে পারবো?

শোন আগে মূলত তিনটি উপায়ে ক্লাসে যুক্ত হওয়া যায়।

প্রথমে স্যার একটি লিঙ্ক পাঠিয়ে দিবেন, যে লিঙ্কে প্রবেশ করে Join অপশনে ক্লিক করলে তুই ক্লাসে যুক্ত হতে পারবি।

আবার স্যার একটি ক্লাস কোড দিয়ে দিতে পারেন, যে ক্লাস কোডটি ব্যবহার করে তুই ক্লাসে যুক্ত হতে পারবি।

এছাড়া গুগল ক্লাসরুমে প্রবেশের পর তোর সামনে দুইটি অপশন আসবে-Join Class এবং Create Class ।

অথবা একটি (+) যোগ চিহ্ন আসবে, সে যোগ চিহ্নে ক্লিক করলে অপশন দুইটি আসবে।

সেখান থেকে Join Class সিলেক্ট করলে সামনে Class Code লেখা একটি বক্স আসবে ।

সেই বক্সে স্যারের দেওয়া Class Code টি লিখে উপরে যাকা Join অপশনে ক্লিক করলে তুই ক্লাসে যুক্ত হয়ে যাবি।

আবার স্যার তোকে ইমেইলের মাধ্যমেও আমন্ত্রণ পাঠাতে

সেখানে একটি লিঙ্ক থাকবে, যে লিঙ্কে প্রবেশ করে Join অপশনে ক্লিক করলে তুই ক্লাসে যুক্ত হয়ে যাবি

বাহ এত সহজ?

হ্যাঁ, ক্লাসে যুক্ত হওয়ার পরে সেই ক্লাসে প্রবেশ করলে উপরে ক্লাসের নামটি দেখতে পাবি।

তার ঠিক নিচে (Share with your class) লেখা একটি বক্স দেখা যাবে।

সেখানে বন্ধুদের সাথে যেকোনো গুরুত্বপূর্ণ তথ্য শেয়ার করতে পারবি।

আবার, পড়াশোনা বিষয়ক কোনো সমস্যার সম্মুখীন হলেও তুই সেখানে সে সমস্যার কথা লিখে সবার সাথে শেয়ার করতে পারবি।

পরবর্তীতে তোর স্যার ও বন্ধুরা চাইলে সেই পোস্টে Add Class Comment অপশনে গিয়ে সমস্যার সমাধান করে দিতে পারবে।

একই ভাবে স্যারও সেই ক্লাসে প্রয়োজনীয় নোট , ফাইল , ছবি আমাদের সাথে শেয়ার করতে পারবে।

আচ্ছা
এখন বল অ্যাসাইনমেন্ট
কীভাবে সাবমিট
করবো?

এজন্য প্রথমে আপো প্রবেশ করে
নির্ধারিত ক্লাসটিতে ক্লিক করবি।

সেখানে Classwork নামে একটি অপশন
আসবে; সেই জায়গায় ক্লিক করবি।

তখন স্যারের দেওয়া সকল
কাজগুলো দেখতে পাবি।

এরপর যে অ্যাসাইনমেন্টটি জমা দিতে চাস সেখানে
প্রবেশ করে 'View assignment'-এ ক্লিক করবি।

এরপর তোর সামনে একটি বক্স আসবে যার নিচে
লেখা থাকবে (+Add or create)/(Add work)।

সেখানে প্রবেশ করে নির্দিষ্ট ফাইল বা ছবি সিলেক্ট করতে পারবি।

সিলেক্ট করার পর বক্সের নিচে আরেকটি অপশন
আসবে- Hand in. সেখানে ক্লিক করলেই তোর
অ্যাসাইনমেন্টটি জমা হয়ে যাবে।

এত সহজ?

হ্যাঁ দোস্ত জানলে সবই সহজ।

তুই সত্যি
ব্রিলিয়ান্ট দোস্ত!
কত কিছু জানিস।
তোকে অনেক
ধন্যবাদ।